ভোরের কাগজ

তারিখ ... MAR 28 1999 ...

পৃষ্ঠা ৭ কলাম ৮

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর

## বাংলাদেশ, ঢাকা।

# এম.এড কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

## সেসন : ১৯৯৯-২০০০

১। নিম্নলিখিত মহাবিদ্যালয়গুলিতে এম.এড কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক কেবলমাত্র বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

ক) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকা (খ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ময়মনসিংহ (গ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, রাজশাহী (ঘ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, চট্টগ্রাম।

২। **আবেদনকারীর যোগ্যতা ঃ-**

(ক) কেবল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক এবং যাহারা শিক্ষক নহেন এমন ব্যক্তিগণ আবেদন করিতে পারিবেন। শিক্ষক ক্যাটাগরীর প্রার্থীদিগকে ভর্তি করার পর যদি কোন আসন শূন্য থাকে তবে এই শূন্য আসনে অশিক্ষক ক্যাটাগরীর প্রার্থী ভর্তি হওয়ার সুযোগ পাইবেন।

(খ) আবেদনকারী কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বি,এড/ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রী থাকিতে হইবে। যাহারা বি,এড পরীক্ষা দিয়াছেন কিন্তু ফলাফল এখনো প্রকাশিত হয়নি তাহারা এই কোর্সে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন না। স্বাভাবিকভাবে আবেদনকারীদের বয়স ৪৫ বৎসরের উর্ধ্বে হইবে না। তবে বিশেষ ক্ষেত্রে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ও সংশ্লিষ্ট অধ্যক্ষের সুপারিশক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বয়স সীমা শিথিল করিতে পারিবেন।

৩। **দরখাস্ত করার নিয়মাবলী ঃ**

ক) সংযুক্ত ছক মোতাবেক আবেদন করিতে হইবে।

খ) প্রার্থী যে শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে ভর্তি হইতে ইচ্ছুক উহার অধ্যক্ষের নিকট ডাকযোগে বা ব্যক্তিগতভাবে আবেদনপত্র প্রেরণ/দাখিল করিতে পারিবেন। তবে আবেদনপত্র অবশ্যই ৬ই মে, ১৯৯৯ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট অধ্যক্ষের নিকট পৌঁছাইতে হইবে।

গ) আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই প্রেরণ করিতে হইবে ঃ

১। দুই কপি পাসপোর্ট সাইজের ছবি গেজেটেড অফিসার/মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক/শিক্ষিকা কর্তৃক সত্যায়িত) এবং প্রয়োজনীয় ডাকটিকেট ও নিজ ঠিকানাযুক্ত একটি খাম।

২। আবেদনকারী স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি স্কুল/মাদ্রাসায় কর্মরত শিক্ষক হইলে প্রশিক্ষণকালে (অর্থাৎ ০১/০৭/৯৯ ইং হইতে ৩০/০৪/২০০০ইং তারিখ পর্যন্ত) তাহাকে ছুটি মঞ্জুর করা হইবে এই মর্মে সংশ্লিষ্ট স্কুল/মাদ্রাসার ম্যানেজিং কমিটির সিদ্ধান্তের কপি, তাহার এমপিও এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।

৩। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।

৪। **প্রার্থী বাছাই প্রণালী ঃ**

ক) প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর যাহারা যোগ্য বলিয়া বিবেচিত হইবেন তাহাদিগকে ১৫ই জুন/৯৯ইং সকাল ৮.৩০ মিনিটে সংশ্লিষ্ট কলেজে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই উদ্দেশ্যে কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা দেওয়া হইবে না। বাছাইকৃত আবেদনকারীদের নিকট যথাসময়ে লিখিত পরীক্ষা দেওয়ার প্রবেশপত্র পাঠানো হইবে।

খ) ভর্তির জন্য লিখিত পরীক্ষার পর একইদিনে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে। মৌখিক পরীক্ষায় কোন প্রার্থী অনুপস্থিত থাকিলে তিনি ভর্তির যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

গ) উক্ত লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের আসন সংখ্যা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের একটি তালিকা অধ্যক্ষ কর্তৃক একইদিনে (১৫ই জুন, ১৯৯৯ইং) প্রকাশিত হইবে। একইদিনে মেধানুসারে প্রার্থীদের একটি অপেক্ষমান তালিকাও প্রকাশ করা হইবে।

ঘ) নির্বাচিত প্রার্থীদের সকল পরীক্ষা পাশের মূল সনদপত্র দাখিল ও শিক্ষাবর্ষের সমুদয় পাওনা এককালীন পরিশোধ করিয়া ১৬ই জুন হইতে ২১শে জুন, ১৯৯৯ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট অধ্যক্ষের সুবিধামত তারিখে ভর্তি হইতে হইবে। ভর্তির সময় পরিশোধিতব্য অর্থের পরিমাণ ইন্টারভিউ কার্ডে লিপিবদ্ধ থাকিবে।

ঙ) কোন নির্বাচিত প্রার্থী নির্ধারিত সময়ে ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে এবং শূন্য আসনটি অপেক্ষমান তালিকা হইতে মেধানুসারে পূরণ করা হইবে।

এম.এড সার্বক্ষণিক কোর্স বিধায় উক্ত কোর্সে অধ্যয়নরত অবস্থায় অন্য কোন কোর্সে অধ্যয়ন করিতে বা কোন চাকুরীতে নিয়োজিত থাকিতে পারিবেন না।

৬। ১৯৯৯ ইং সালের ১লা জুলাই হইতে এম.এড কোর্সের কার্যক্রম শুরু হইবে এবং ২০০০ইং সালের ৩০শে এপ্রিল পর্যন্ত চলিবে।

৭। কেবলমাত্র বেসরকারি শিক্ষক ও অশিক্ষক প্রশিক্ষণার্থীদিগকে মেধাভিত্তিক উপ-বৃত্তি প্রদান করা হইবে।

৮। প্রয়োজনবোধে বিস্তারিত বিবরণের জন্য সংশ্লিষ্ট শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সহিত যোগাযোগ করা যাইতে পারে।

প্রফেসর নাইয়ার সুলতানা
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বাংলাদেশ, ঢাকা।

## এম. এড কোর্সে ভর্তির আবেদনপত্রের ছক

### শিক্ষাবর্ষ ঃ ১৯৯৯-২০০০

১। প্রার্থীর নাম ও শিক্ষক হইলে ইনডেক্স ঃ

২। পিতার নাম ঃ

৩। স্থায়ী ঠিকানা ঃ

৪। বর্তমান ঠিকানা ঃ

৫। জন্ম তারিখ ঃ

৬। ১লা জুলাই, ১৯৯৯ইং তারিখে বয়স ঃ

৭। মাতৃভাষা ঃ

৮। জাতীয়তা ঃ

৯। শিক্ষাগত যোগ্যতা উত্তীর্ণ পরীক্ষাসমূহ ঃ
(এসএসসি হইতে পরবর্তী)

| পরীক্ষার নাম | যে শিক্ষা প্রতিষ্ঠান হইতে পাশ করিয়াছেন | বিভাগ/শ্রেণী | পরীক্ষার সন | পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| ৪। | | | | |
| ৫। | | | | |
| ৬। | | | | |

১০। শিক্ষকতার অভিজ্ঞতা যদি থাকে প্রধান শিক্ষক/শিক্ষিকার ক্ষেত্রে ম্যানেজিং কমিটি এবং সহকারী শিক্ষক/শিক্ষিকাদের ক্ষেত্রে প্রধান শিক্ষক অথবা প্রধান শিক্ষিকা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট টেস্টিমোনিয়াল দ্বারা সমর্থিত হইতে হইবে।

| যে প্রতিষ্ঠানে চাকুরী করিয়াছেন উহার নাম ও ইনডেক্স নম্বর (এম.পি.ও তে) | চাকুরীর সময়কাল | মোট কত বৎসর চাকুরী করিয়াছেন |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ ঃ

ডিএফপি-৫৭০৪-২১/৩/৯৯(১৫'×৩)
ডিস ৬২৯/৯৯